

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
সরেজমিন উইং
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫
(www.dae.gov.bd)

স্মারকলিপি

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাঠ পর্যায়ে “দেশে চলমান মৃদু হতে মাঝারি তাপ প্রবাহে কৃষকভাইদের করণীয়” বিষয়ে একটি লিফলেট এতদসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো। এ লিফলেটটি মুদ্রণ করে আপনার অঞ্চল/জেলার কৃষক ভাইদের মাঝে ব্যাপকভাবে প্রচার করার জন্য নির্দেশ প্রদান করা হলো এবং এ বিষয়ে অগ্রগতির প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর বরাবরে প্রেরণ করার জন্য বলা হলো।

সংযুক্ত : দেশে চলমান মৃদু হতে মাঝারি তাপ প্রবাহে কৃষকভাইদের করণীয়-১ (এক) পৃষ্ঠা।

(চৈতন্য কুমার দাস)
পরিচালক

ফোন : ৮১২৩১৪৭

তারিখ: ২৮/৪/২০১৬

স্মারক নং-১২.১০.০০০০.০০৪.১৬.০৫২.১৩ - ৬৭৩৬ (৬২)

অনুলিপি কার্যার্থে প্রেরণ করা হলো :

- ১। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, অঞ্চল (১৪) টি।
- ২। উপ পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, জেলা (সকল)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ৩। অতিরিক্ত সচিব (সম্প্রসারণ) মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ৪। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫।

দেশে চলমান মৃদু হতে মাঝারি তাপ প্রবাহে কৃষকভাইদের করণীয় :

- ১। মাঠে বপনকৃত ফসলের বীজতলা দিনের বেলায় খড় বা খড়জাতীয় দ্রব্য দিয়ে ঢেকে রাখুন এবং রাতে আলাগা করুন।
- ২। দিনের রোদে সেচ দেওয়া বন্ধ রাখুন, মাটি ঠান্ডা হওয়ার পর রাতে অথবা ভোরে সেচ দিন।
- ৩। ফল গাছের গোড়ায় ড্রিপ সেচ দেওয়ার ব্যবস্থা নিন।
- ৪। সেচের পানির অপ্রতুলতায় মাঝারি দিয়ে ফসলের পাতা ভিজিয়ে দেওয়ার ব্যবস্থা নিন।
- ৫। খরার কারণে বিভিন্ন ফসলে মাইটস এবং মিলিবাগের আক্রমণ হলে তা অনুমোদিত কীটনাশক অনুমোদিত মাত্রায় ব্যবহার করে দমন করতে হবে।
- ৬। আম /লিচু/ কলা ও অন্যান্য ফসলের ফলে রোদ পোড়া দাগ হতে পারে। এ সমস্ত ফল ব্যাগিং করার ব্যবস্থা নিন।
- ৭। অগভীর নলকূপে পানি না পেলে গর্ত খুঁড়ে গভীরে স্থাপন করুন।
- ৮। কাঁচা সেচ নালার পরিবর্তে ফিতা পাইপ ব্যবহার করে সেচ দিন।
- ৯। আউশের ভিজা বীজতলা বৃষ্টির পর তৈরী করুন।
- ১০। শাক-সবজি ও ফলমূলসহ ফসল রোদে সংগ্রহ ও প্যাকেটজাত না করে সকালে সংগ্রহ করে ঠান্ডা অবস্থায় প্যাকিং করে বাজারজাত করুন।
- ১১। দোন, সেউতিসহ অন্যান্য সেচ যন্ত্রপাতি ব্যবহার করে খাল, ডোবায় পানি থাকলে সেখান থেকে হালকা সেচ দেওয়ার ব্যবস্থা নিন।
- ১২। ফল গাছের গোড়ায় খড়-বিচালি পাতা, আগাছা, কচুরিপানা দিয়ে মাটির উপরিস্তর ঢেকে (মালচিং) দিয়ে রিং পদ্ধতিতে সেচের ব্যবস্থা করা। এতে মাটির রস মজুদ থাকে, প্রয়োজনে ২/১ দিন পর পর গাছে স্প্রে করা।


২০১৮